


ক্রীড়া ও সাংস্কৃতিক পরিষদ
ফুটবল উপ-পরিষদ
ওয়াপদা ভবন (২য় তলা), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

৩৩-তম আন্তঃঅফিস ফুটবল প্রতিযোগিতা ২০১৯ এর নিয়মাবলী।

- ১। সকল ফুটবল দলকে নির্ধারিত তারিখের ১(এক)দিন পূর্বে কক্সবাজার বিউবো বিশ্রামাগারে ফুটবল উপ-পরিষদের সম্পাদকের নিকট দলে হাজিরা নিশ্চিত করিতে হইবে।
- ২। খেলার উদ্বোধনী অনুষ্ঠানে সকল দলকে মাঠে উপস্থিত থাকিতে হইবে।
- ৩। ফাইনাল ব্যতীত সকল খেলা নকআউট পদ্ধতিতে অনুষ্ঠিত হইবে।
- ৪। খেলা নির্ধারিত সময়ে নিষ্পত্তি না হইলে টাইব্রেকারের মাধ্যমে নিষ্পত্তি করিতে হইবে।
- ৫। প্রতিটি দলের সকল খেলোয়াড়ের পরিচয়পত্র পরিচালক, নিরাপত্তা ও অনুসন্ধান পরিদপ্তর এবং কোম্পানীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত হইতে হইবে।
- ৬। প্রতিটি দলের পতাকা এবং জার্সি, বুট জুতা, ফুটবল ও খেলার সকল সরঞ্জাম থাকিতে হইবে।
- ৭। নির্ধারিত দলকে খেলার ১৫ মিঃ পূর্বে মাঠে উপস্থিত থাকিতে হইবে। নির্ধারিত সময়ে কোন দল মাঠে উপস্থিত না হইলে উপস্থিত দলকে বিজয়ী ঘোষণা করা হইবে।
- ৮। খেলার মাঠে নিজ নিজ ব্যবস্থাপনায় প্রতিটি দলকে উপস্থিত থাকিতে হইবে।
- ৯। পরপর দুইটি খেলায় কোন খেলোয়াড় হলুদ কার্ড পাইলে পরবর্তী খেলা হইতে বিরত থাকিতে হইবে।
- ১০। ফাইনাল, সেমি ফাইনাল ও ৩য় স্থান নির্ধারণী সকল খেলা ৪০+১০+৪০ মিনিট হইবে (১০ মিঃ বিরতিসহ)। অন্যান্য খেলা ২৫+১০+২৫ মিনিটে পরিচালিত হইবে।
- ১১। ফাইনাল খেলা নির্ধারিত সময়ে অমিমাংশিত থাকিলে অতিরিক্ত ১০+২+১০ মিঃ সময়ে গোল্ডেন গোলের মাধ্যমে নিষ্পত্তি হইবে। তাহাতেও যদি নিষ্পত্তি না হয় তবে টাইব্রেকারের মাধ্যমে নিষ্পত্তি হইবে।
- ১২। প্রতি দল খেলা চলাকালীন ৩ (তিন) জন খেলোয়াড় (গোল কিপারসহ) পরিবর্তন করিতে পারিবেন।
- ১৩। শারীরিকভাবে খেলার অনুপযুক্ত কোন কর্মকর্তা/কর্মচারীকে ফুটবল দলের সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা যাইবেনা।
- ১৪। খেলার নিয়ম ও শৃংখলা অবশ্যই রক্ষা করিতে স্ব-স্ব টিম ম্যানেজারদের দায়িত্ব পালন করিতে হইবে এবং সকলে অনুগ্রহপূর্বক রেফারীদের প্রতি সম্মান প্রদর্শন করিবেন।
- ১৫। খেলা চলাকালীন অথবা ফুটবল প্রতিযোগিতায় শৃংখলা পরিপন্থি যে কোন কর্মকাণ্ডের জন্য অভিযুক্তদের বিউবো'র সার্ভিস রুল-১৯৮২ ও শ্রম আইন-২০০৬ এর আওতায় শাস্তিযোগ্য অপরাধ হিসাবে গণ্য হইবে।
- ১৬। খেলা পরিচালনার ক্ষেত্রে রেফারীর সিদ্ধান্তই চূড়ান্ত হিসাবে গণ্য হইবে।
- ১৭। কোন দলের প্রটেক্ট থাকিলে ১০০০/- (এক হাজার) টাকা নগদ ফি (অফেরৎযোগ্য) খেলা শেষ হওয়ার ৩০ মিনিটের মধ্যে কমিটির সম্পাদকের নিকট জমা দিতে হইবে। এইক্ষেত্রে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।
- ১৮। সকল খেলা জেলা ক্রীড়া সংস্থার অধিভুক্ত রেফারীবৃন্দ পরিচালনা করিবেন।

নির্দেশক্রমে


(মোঃ আল হেলাল রক্বামী)

উপ-সচিব (বোর্ড)

ও

সম্পাদক, ফুটবল উপ-পরিষদ
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
টেলিফোনঃ ০২-৯৫৬৯২৩৮